

MYCIRVZ বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মূল্য সংযোজন কর ও সম্পূর্ণ শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-১৯৩-আইন/২০১২/৬৫১-মসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরোনাম সংখ্যা (Heading No.) ২৪.০২ ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code) ২৪০২.২০.০০ এর আওতাধীন উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing Tobacco) এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর এবং সম্পূর্ণ শুল্ক আদায়ের উদ্দেশ্যে নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) এ উল্লিখিত খুচরা মূল্য স্তরের অধীন কলাম (২) এ উল্লিখিত শলাকা সংখ্যা বিশিষ্ট কলাম (৩) এ উল্লিখিত প্রকৃতির সিগারেটের মোড়কের (প্যাকেট) গায়ে কলাম (৪) এ উল্লিখিত ডিজাইনের বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত স্ট্যাম্প বা ব্যান্ডরোল, আমদানিকৃত বা উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি) বিধিমালা, ২০১১ এ বর্ণিত পদ্ধতিতে ব্যবহার করার নির্দেশ প্রদান করিল, যথাঃ-

টেবিল

খুচরা গুণ্য ষ্ট্র (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)
(১) বারো টাকা দশ পয়সা হইতে বারো টাকা ত্রিশ পয়সা পর্যন্ত	১০	শেল এন্ড স্লাইড	হালকা সবুজ	ব্যান্ডরোল
	১০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরী	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরী	স্ট্যাম্প
(২) চব্বিশ টাকা পঁচাত্তর পয়সা হইতে পঁচিশ টাকা পঁচিশ পয়সা পর্যন্ত	১০	শেল এন্ড স্লাইড	হালকা গোলাপী	ব্যান্ডরোল
	১০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
(৩) পঁয়ত্রিশ টাকা বিশ পয়সা হইতে উনচল্লিশ টাকা পঞ্চাশ পয়সা পর্যন্ত	১০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
(৪) ছেষত্রি টাকা হইতে ততোধিক	৭	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
	১০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প



Your complimentary
use period has ended.
Thank you for using
PDF Complete.

[Click Here to upgrade to
Unlimited Pages and Expanded Features](#)

২। জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৮৭-আইন/২০০৬/৪৫৭-মসক, তারিখ ১১ জ্যৈষ্ঠ, ১৪১৩ মোতাবেক ২৫ মে, ২০০৬ এতদ্বারা রহিত করা হইল এবং উক্তরূপ রহিত স ভুও, রহিতকৃত উক্ত প্রজ্ঞাপনের অধীন নির্ধারিত স্ট্যাম্প ও ব্যান্ডরোল ৩১ ডিসেম্বর, ২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

৩। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ শওকাত হোসেন)
প্রথম সচিব (মূসক নীতি)